

সখীপুরে অনিয়মের অভিযোগে প্রধান শিক্ষক সাময়িক বরখাস্ত

সংবাদ : | প্রতিনিধি, সখীপুর (টাঙ্গাইল)

| ঢাকা, বুধবার, ০৬ নভেম্বর ২০১৯

টাঙ্গাইলের সখীপুর উপজেলার সুরীরচালা আবদুল হামিদ চৌধুরী উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ কফিল উদ্দিনকে অর্থ আত্মসাতসহ একাধিক অভিযোগে স্কুল থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তদন্ত কমিটি তার বিরুদ্ধে অনিয়মের সত্যতা পেলে গত ৩১ অক্টোবর বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি এ বরখাস্তের সিদ্ধান্ত নেন।

বিদ্যালয় পরিচালনা কমিটি সূত্রে জানা যায়, মোহাম্মদ কফিল উদ্দিন ২০১৩ সালে ওই শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক পদে যোগদানের পর নান্য অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নিয়ে বিদ্যালয়ের অর্থ আত্মসাত করে আসছিলেন। এছাড়া নিজের স্ত্রীকে অবৈধভাবে ওই বিদ্যালয়ে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ দেন। এসব অভিযোগের প্রেক্ষিতে সম্প্রতি ম্যানেজিং কমিটি ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে। তদন্ত কমিটি বিদ্যালয়ের ক্যাশবই পরীক্ষা করে বিভিন্ন অনিয়ম দেখতে পান।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ কফিল উদ্দিন তার বিরুদ্ধে আনিত সকল অভিযোগ

অস্বীকার করে বলেন, আমাকে সম্পূর্ণ মিথ্যা ও মনগড়া অভিযোগের ভিত্তিতে বরখাস্ত করা হয়েছে। তিনি সভাপতিকে বিবাদী করে গত ২ নভেম্বর (শনিবার) রাতে সখীপুর থানায় একটি লিখিত অভিযোগ করেছেন বলেও জানান। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মফিজুল ইসলাম বলেন, ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ কফিল উদ্দিনকে সাময়িক বরখাস্তের একটি অনুলিপির কপি হাতে পেয়ে চলতি জেএসসি পরীক্ষায় কচুয়া কেন্দ্রের কেন্দ্র সচিব পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।